مَقْعَدَهُ مِنَ الْجَنَّةِ، وَيُحَلَّى حُلَّةَ الإِيمَانِ، وَيُزَوَّجُ اثْنَيْنِ وَسَبْعِينَ زَوْجَةً
مِنَ الْحُورِ الْعِينِ، وَيُجَارُ مِنْ عَذَابِ الْقَبْرِ، وَيَأْمَنُ مِنَ الْفَزَعِ الأَكْبَرِ،
وَيُوضَعُ عَلَى رَأْسِهِ تَاجُ الْوَقَارِ الْيَاقُوتَةُ مِنْهُ خَيْرٌ مِنَ الدُّنْيَا وَمَا فِيهَا،

وَيَشْفَعُ فِي سَبْعِينَ إِنْسَانًا مِنْ أَهْلِ بَيْتِهِ.

আল্লাহ তায়ালার কাছে শহীদের বিশেষ সাতটি মর্যাদা রয়েছে। যথা– ১. তাঁর রক্তের প্রথম বিন্দু মাটিতে পড়ার সঙ্গে সঙ্গে তার পাপরাশি ক্ষমা করে দেওয়া হয়। ২. সে তাঁর জান্নাতের ঠিকানা দেখা অবস্থায় পৃথিবী ত্যাগ করে। ৩. তাঁর গায়ে ঈমানি পোশাক পরিয়ে দেওয়া হয়। ৪. ডাগর চক্ষুবিশিষ্ট ৭২ জন হুরের সঙ্গে তাঁর বিবাহ হবে। ৫. কিয়ামত দিবসের কঠিন বিভীষিকা থেকে সে নিরাপদ থাকবে। ৬. তাঁর মাথায় সম্মানের মুকুট পরিধান করানো হবে, যার একটি ইয়াকুত পাথর দুনিয়া ও এর মধ্যে বিদ্যমান সব কিছু থেকে অধিক মূল্যবান। তাঁর স্বপক্ষে পরিবারের ৭০ জন মানুষের সুপারিশ গ্রহণ করা হবে। *[আহমদ, তিরমিজি]*

বিষাক্ত এক কালনাগিনী ব্রিটেন

সর্বশক্তিমান মহান রাব্বুল আলামিন তাঁর পবিত্র কালামে ঘোষণা করেন যে–

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا بِطَانَةً مِنْ دُونِكُمْ لَا يَأْلُونَكُمْ خَبَالًا وَدُّوا مَا عَنِتُّمْ قَدْ بَدَتِ الْبَغْضَاءُ مِنْ أَفْوَاهِهِمْ وَمَا تُخْفِي صُدُورُهُمْ أَكْبَرُ قَدْ بَيَّنَّا لَكُمُ الْآيَاتِ إِنْ كُنْتُمْ تَعْقِلُونَ ○ هَا أَنْتُمْ أُولَاءِ تُحِبُّونَهُمْ وَلَا يُحِبُّونَكُمْ وَتُؤْمِنُونَ بِالْكِتَابِ كُلِّهِ وَإِذَا لَقُوكُمْ قَالُوا آمَنَّا وَإِذَا خَلَوْا عَضُّوا عَلَيْكُمُ الْأَنَامِلَ مِنَ الْغَيْظِ قُلْ مُوتُوا بِغَيْظِكُمْ إِنَّ اللَّهَ عَلِيمٌ بِذَاتِ الصُّدُورِ ○ إِنْ تَمْسَسْكُمْ حَسَنَةٌ تَسُؤْهُمْ وَإِنْ تُصِبْكُمْ سَيِّئَةٌ يَفْرَحُوا بِهَا وَإِنْ تَصْبِرُوا وَتَتَّقُوا لَا يَضُرُّكُمْ كَيْدُهُمْ شَيْئًا إِنَّ اللَّهَ بِمَا يَعْمَلُونَ مُحِيطٌ○

হে ঈমানদারগণ! তোমরা মুমিন ব্যতীত অন্য কাউকে অন্তরঙ্গরূপে গ্রহণ করো না; তারা তোমাদের অমঙ্গল সাধনে কোন ত্রুটি করে না– তোমরা কষ্টে থাক, তাতেই তাদের আনন্দ। শত্রুতাপ্রসূত বিদ্বেষ তাদের মুখ হতেই বের হয়। আর যা কিছু তাদের মনে লুকিয়ে রয়েছে, তা আরো

অনেকগুণ বেশি জঘন্য। তোমাদের জন্যে নিদর্শন বিশদভাবে বর্ণনা করে দেয়া হলো, যদি তোমরা তা অনুধাবন করতে সমর্থ হও।

দেখ, তোমরা তাদেরকে আন্তরিকভাবে ভালোবাস, কিন্তু তারা তোমাদের প্রতি মোটেই আন্তরিকতা রাখে না। আর তোমরা সব কিতাবের ওপর বিশ্বাস রাখ; কিন্তু তারা তোমাদের কুরআনকে বিশ্বাস করে না। তারা যখন তোমাদের সঙ্গে মিলিত হয়, তখন বলে আমরা (তোমাদের ন্যায়) ঈমান এনেছি, আর যখন তারা তোমাদের থেকে আলাদা হয়, তখন তোমাদের প্রতি ক্ষোভে আঙুল কামড়ায়। নিঃসন্দেহে আল্লাহ তাদের অন্তরের বিষয়সমূহের ব্যাপারে অবগত আছেন।

আর যদি তোমাদের কোনো ক্ষতি হয়, তাহলে তারা তা নিয়ে আনন্দ করে। তবে যদি তোমরা ধৈর্য ধারণ কর এবং তাকওয়া অবলম্বন কর, তাহলে তাদের ষড়যন্ত্র তোমাদের কোনো ক্ষতি করতে পারবে না। তারা যা কিছু করছে, তা নিশ্চয়ই আল্লাহর আয়ত্বাধীন রয়েছে। *[আলে-ইমরান ৩:১১৮-১২০]*

এ পবিত্র আয়াতগুলো আল্লাহর পক্ষ থেকে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি মদিনায় তার ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার প্রাথমিক প্রচেষ্টার সময় অবতীর্ণ হয়েছিল। অর্থাৎ বদর ও উহুদযুদ্ধ সংঘটিত হওয়ার পর। উহুদযুদ্ধ ইসলামী আন্দোলনের একটি অন্যতম শিক্ষণীয় ঘটনা ছিল, যা রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও সাহাবায়ে কেরামের অন্তর ও চিন্তাধারায় পরিবর্তন এনে দিয়েছিল। যে এ বিষয়ে বিস্তারিত জানতে ইচ্ছুক, তার উচিত হবে সাইয়েত কুতুব শহীদ রহ.-এর 'তাফসির ফি জিলালিল কুরআন' দেখে নেওয়া। তিনি যুদ্ধের ঘটনাবলি এমনভাবে উপস্থাপন করেছেন, যেন মনে হবে তিনি প্রতিমুহূর্তে প্রত্যক্ষ করাপূর্বক যুদ্ধের তাজা তাজা সংবাদ নিয়ে আসছেন।

এ আয়াতগুলো আমাদের এমন কিছু লোকের ব্যাপারে সতর্ক করছে, যারা আমাদেরই মাঝে বসবাস করে, গায়ের রং আমাদের মতো এবং যারা কথা বলে আমাদের ভাষায়। এরা মুসলমানদের পরাজয় ও দুর্ভোগ কামনা করে, তাদের অসহায়ত্ব ও পতনের প্রতীক্ষায় থাকে। আর তারা তখনই অনন্দবোধ করে, যখন কুফরের ঝাণ্ডাকে সমুন্নত ও ইসলামের ঝাণ্ডাকে পতিত অবস্থায় দেখে। আমি যখন এ কথা বলছি, তখন আরবের বামপন্থী ও আফগানিস্তানের সুবিধাবাদীদের কথা আমার মনে পড়ছে।

সবার দৃষ্টি এখন আফগানিস্তানের প্রতি

ভাইয়েরা, এখন গোটা দুনিয়ার দৃষ্টি, কণ্ঠ, মিডিয়া ও আলো পৃথিবীর যে ভুখণ্ডকে নিয়ে ব্যস্ত, তার নাম আফগানিস্তান। আমেরিকান বিশ্ববিদ্যালয়সমূহে একটি বিশেষ বিভাগ খোলা হয়েছে। এর নাম আফগানিস্তান বিভাগ। কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ে মিশন নামে একটি শিক্ষাগার ছিল। এর নাম পরিবর্তন করে এখন নাম দেওয়া হয়েছে আফগানিস্তান স্কুল। উদ্দেশ্য আফগানিস্তানের ঘটনাবলি সংগ্রহ করে পর্যালোচনা করা।

তারা পৃথিবীতে ইসলামের পুনরায় বিজয় লাভ করার ভয়ে ভীত ও কম্পমান। আন্তর্জাতিক মিডিয়াগুলোর দিকে চেয়ে দেখুন এবং পত্র-পত্রিকা ও সাময়িকীগুলো পড়ে দেখুন। দেখবেন আফগানিস্তানই এখন লেখার মূল প্রতিপাদ্য বিষয়। কারণ, চলতি শতাব্দির গোড়ার দিকে পশ্চিমারা ইসলামী শাসন প্রতিষ্ঠার ঘোষণা দিতে সক্ষম হয়েছে।

যেসব আফগান জিহাদের বিরুদ্ধে ষড়যন্ত্র করছে, তারা এখনো রোম থেকে আফগানিস্তানে মমিকে (জহির শাহ) ফিরিয়ে আনার চেষ্টা অব্যাহত রখেছে। এরা এবং আরববিশ্বের বামপন্থীদের কথা আমরা ভুলিনি। কুয়েতের 'আসসিয়াসাহ' ও 'আলওয়াতান' এবং আমিরাতের 'আল-খালিজ'সহ অনেক পত্রিকা নোংরা ও তথাকথিত বাম চিন্তাধারা প্রচারের দায়িত্ব পালন করে যাচ্ছে। এ আলওয়াতানকে কুয়েতি 'আলওয়াতান' (স্বদেশ) না বলে সোভিয়েত বা রাশিয়ান 'আলওয়াতান' বলা উচিত।

'আলওয়াতান' লিখেছে, আফগানিস্তানে গৃহযুদ্ধ কার স্বার্থে অব্যাহত রয়েছে? 'উপসাগরীয় অর্থ ব্যয়ে আফগানিস্তানে রক্তপ্রবাহ অব্যাহত রয়েছে' ইত্যাদি। সোভিয়েত ইউনিয়ন তাদের পার্লামেন্ট নাকি কাজী শাকুর নামে একজন মুসলমানকে বিসমিল্লাহ বলার অনুমতি দিয়েছে। তাই পত্রিকাটি সোভিয়েত ইউনিয়ন নিয়ে গর্ববোধ করছে। আল্লাহই ভালো জানেন, লোকটি শাকুর 'কৃতজ্ঞ' না কাফুর 'নাফরমান'। একজন মুসলমানকে সোভিয়েত ইউনিয়নের পার্লামেন্টে বিসমিল্লাহ বলার অনুমতি প্রদান বিরল ও বিস্ময়কর ঘটনা। আমাকে একজন টেলিফোন করে বলল, আমার চোখ দিয়ে অশ্রু বের হচ্ছে। বাস্তবেই কি নজিব ক্ষমতা হাত ছাড়া হওয়ার পর খাইবারের পথে পুনরায় পৌঁছে যাচ্ছে? আমি বললাম, ভাই, নিশ্চিন্ত থাকুন। মাত্র দুদিন আগে নজিব রেডিওতে ঘোষণা দিয়েছে যে আমাদের চলে আসার পথে মুজাহিদরা আমাদের ওপর কোনো প্রকার আক্রমণ চালাতে পারবে না। বলল, আপনি কি সত্যি বলছেন? আমি বললাম, আল্লাহর কসম, আমি সত্যিই বলছি। বললাম, যারা বৃহৎ সোভিয়েত

সাম্রাজ্যের উচ্ছিষ্ট খেয়ে জীবন ধারণ করছে, সেসব বামপন্থীর কথা বিশ্বাস করবেন না। আফগানিস্তানে পশ্চিমা ও আন্তর্জাতিক কুচক্রী মহলের কিছু দালাল জহির শাহ নামের সে মমিকে আফগানিস্তানে ফিরিয়ে আনার অপচেষ্টায় মেতে উঠেছে, সে অপমানিত হয়ে আফগানিস্তান ত্যাগ করতে বাধ্য হয়েছিল। আমি ঈদের খুতবায় কান্দাহারের ষড়যন্ত্র সম্পর্কে আলোচনা করেছিলাম। কিছু লোক যারা এতিমের সম্পদ খেয়ে নিজেদের পেটকে মোটাতাজা করে আসছিল, তারা শুরু থেকে মুজাহিদদের জন্য জগদ্দল পাথরের মতো কষ্টের বিষয় হয়ে দাঁড়িয়েছিল। এসব লোক কান্দাহার বিমানবন্দরের কাছে ফাঁকা গুলি ছুড়ে ঘোষণা দিল যে, বড় বড় বীর সক্ষম না হলেও তারা বিমানবন্দরের বাউন্ডারি ভেদ করতে সক্ষম হয়েছে। অতঃপর কান্দাহারের গভর্নর মুজাহিদদের রক্ত নিয়ে ব্যবসাকারীদের কাছে আত্মসমপর্ণের ঘোষণা দিল। তাকে এসব নির্বোধ মুহাজির ও পাশ্চাত্যের কাছ থেকে অর্থ লাভ করা লোকদের মাধ্যমে স্বাগত ও অভ্যর্থনা জানিয়ে দ্বিতীয়বার ক্ষমতায় বসানোর ঘোষণাও দেওয়া হলো।

আফগানিস্তান নিয়ে বিষাক্ত কালনাগিনীর ষড়যন্ত্র

ব্রিটেন হচ্ছে সে বিষাক্ত নাগিনী, যে তার বিষ দিয়ে মুসলিম অঞ্চলগুলোকে ধ্বংস করেছে। সে এখন জহির শাহকে ফিরিয়ে আনার ষড়যন্ত্রের বৃহৎ অংশীদার এবং জহির শাহও তার পিতার ইতিহাসের পুনরাবৃত্তি ঘটানোর স্বপ্ন দেখছে। এ জহির শাহর পিতা নাদির খানকে যেমন আফগানবাসী কাঁধে করে মিরানশাহ থেকে তারমনজিল এবং সেখান থেকে পাকতিয়া হয়ে কাবুলে নিয়ে এসেছিল, তেমনি জহির শাহও স্বপ্ন দেখে আফগানবাসী তাকে আবার আফগানিস্তানে সেভাবে নিয়ে আসুক। অভিশপ্ত কামাল আতাতুর্কের সঙ্গে সাক্ষাৎ করে আফগান শাসক আমানুল্লাহ খান তার স্ত্রীকে নিয়ে মুসলিম নারীদের সম্ভ্রম রক্ষার প্রধান হাতিয়ার পর্দার বিধান বাতিল করে এবং একাধিক বিয়ে নিষিদ্ধ করে। ফলে আফগান গোত্রীয় নেতা বাচ্চা ও সাকা (প্রকৃত নাম হাবীবুল্লাহ) আফগানবাসীকে নিয়ে আমানুল্লাহ খানকে ক্ষমতাচ্যুত করেন। বাচ্চা ও সাকা ইসলামপ্রেমিক ও ব্রিটিশবিদ্বেষী ছিলেন। তিনি বলতেন, আমি ব্রিটিশ সাম্রাজ্যবাদকে ধ্বংস ও মস্কো বিজয় করা পর্যন্ত জিহাদ চালিয়ে যাব। তাই ব্রিটেন তাকে ক্ষমতাচ্যুত করার জন্য তার মন্ত্রী মাসউদকে অর্থের বিনিময়ে হাত করে এবং নাদির খানকে ক্ষমতায় বসানোর জন্য আফগান গোত্রগুলোর মাঝে দেদার অর্থ ঢালে। ফলে আফগান গোত্রগুলো নাদিরখানকে বরণ করে ক্ষমতায় বসায়।

বিষাক্ত কালনাগিনী ব্রিটেন ইসলামপন্থী বাচ্চা ও সাকাকে ক্ষমতাচ্যুত করেই

ক্ষান্ত হয়নি, নাদির খানের মাধ্যমে তাকে হত্যাও করে। তিনি ক্ষমতাচ্যুত হওয়ার পর যখন তার বাহিনী নিয়ে কাবুল ত্যাগ করেন, তখন নাদির খান চিঠি লিখে তাকে কাবুলে নিরাপত্তা দেওয়ার অঙ্গীকার করে। চিঠিটি কতিপয় আলেমের মাধ্যমে তার কাছে পাঠানো হলে তিনি কাবুলে ফিরে আসেন। কাবুলে ফিরে এলে তাকে বিশ্বাসঘাতকতা করে গ্রেপ্তার করা হয়। কারাগারের অন্ধকার প্রকোষ্ঠে কিছু দিন রাখার পর প্রভু ব্রিটেনের নির্দেশে নাদির খান (জহির শাহর পিতা) তাকে মৃত্যুদণ্ড দেয়। তার শাহাদাতে আফগানিস্তান এক মুজাহিদ নেতাকে হারায়।

আশ্চর্য এক কারামত
এক মুঠি ধূলি নিক্ষেপে কয়েকশত ট্যাংক ধ্বংশ

শাইখ আবদুল্লাহ আযযাম আমাকে কিছু কারামত বর্ণনা করতে বললেন, যা আফগান জিহাদে বিভিন্ন স্থানে ঘটেছে। যা শুনলে মনে আল্লাহর উপর নির্ভরতা বাড়ে।

শাইখ মুহাম্মদ হাসান আমাকে বলেছেন- তিন ব্যক্তি আল্লাহর কসম খেয়ে সাক্ষ্য দিয়ে বলেছেন যে, তারা এই কারামতটি স্বচক্ষে অবলোকন করেছে। তিনি বলেছেন- তাদের নিকট এক যুবক মুজাহিদ ছিল। সে ছিল হাফেজে কুরআন। একবার সে মুজাহিদ ঘাঁটিতে যাচ্ছিল। ঘাঁটিতে যাওয়ার পথঘাট খুব ভালভাবে চিনা ছিল না। তাই ভুল পথে চলতে চলতে সে একেবারে রাশিয়ান বাহিনীর এক ক্যাম্পের কাছে চলে গেল। কমিউনিস্ট সৈন্যরা তাকে দেখে চমকে উঠল। সাথে সাথে চিৎকার করে উঠল, আর বলতে লাগল থামো, থামো, আর এক কদম সামনে আসবে না। মুজাহিদ যুবকটি ভয় পেয়ে দাঁড়িয়ে গেল। বুঝতে তার আর দেরী হল না যে, রাশিয়ান সৈন্যরা তাকে ঘিরে ফেলেছে। কি আর করা ভেবে আত্মসমর্পণ করলো। তাদের প্রধান অফিসার এলো। আর ও ছিলো বিশ্বাসগতভাবে পাকা কমিউনিস্ট। রাশিয়ান সৈন্য। দোভাষীর সাহায্যে সে আমাকে বলল, আমি তোমাকে ছেড়ে দেবো। মুক্তি দিয়ে দেবো। তবে তোমাকে একটি কথা বলতে হবে। সত্যি করে বলতে হবে। আমি বললাম, হ্যাঁ, সত্যি কথাই বলব মিথ্যা বলবো না। সে বললো, আচ্ছা তোমরা মুসলমান মুজাহিদরা সাধারণ ক্লাসিনকভের গুলীতে কিভাবে ট্যাংকগুলো ধ্বংস করে দাও, জালিয়ে দাও? অথচ ক্লাসিনকভের গুলীতে তো তা ধ্বংস হওয়ার কথা নয়।

সেই মুজাহিদ বললো, আমি জানি এরা শত্রু। এদের সাথে মিথ্যা বলা বৈধ।

কারণ, এটা যুদ্ধ। কিন্তু তা সত্তেও আমি আল্লাহর উপর ভরসা করে বললাম, আমরা মুসলামান। আমরা একমাত্র আল্লাহর উপর নির্ভর করি। কোন মানুষ, কোন অস্ত্র বা দুনিয়ার অন্য কোন শক্তির উপরও ভরসা করি না। আমাদের বিশ্বাস থাকে যা করার তা আল্লহই করবেন। আমারা শুধু আল্লাহর নির্দেশে ওসীলা হিসেবে অস্ত্র হাতে তুলে নিয়েছি। তাই আমাদের জন্য যথেষ্ট, আমরা এক মুষ্ঠি ধূলি হাতে নিয়ে বলবো–

بِسْمِ اللّٰهِ وَاللّٰهُ اَكْبَرُ وَلَا اِلٰهَ اِلَّا اللّٰهُ مُحَمَّدٌ رَّسُوْلُ اللّٰهِ

ব্যস, এতোটুকু বলে যদি সেই ধূলি ট্যাংকে নিক্ষেপ করি, তাহলে তাতে ট্যাংকে বিস্ফোরণ ঘটে, জ্বলে-পুড়ে নিঃশেষ হয়ে যায়। মুজাহিদ তাদের ভয় দেখানোর জন্য একথা বললো। কিন্তু অফিসার তো একজন সৈনিক। সে কি তার এ কথায় ভয় পাবে। সে বিস্মিত হয়ে বললো, আচ্ছা তাই নাকি? এই তোমার সামনে কয়েকটি ট্যাংক দাড়িয়ে আছে। তুমি প্রথম ট্যাংকটির উপর ধূলি নিক্ষেপ করো তো দেখি। যদি সত্যিই তা ধ্বংস হয়ে যায়, তাহলে আমি আমার সামনে যে সাধারণ সৈন্যরা আছে তাদের সাক্ষী রেখে বলছি, তোমাকে ছেড়ে দেবো। আর যদি না পারো তবে তোমাকে হত্যা করবো। কারণ মিথ্যাবদীকে হত্যা করাই আমার নীতি।

আসলে আমাদের এমনই আত্মবিশ্বাসী হতে হবে, আমরা দুনিয়ার কাউকে ভয় করবো না, কোন রাজা-বাদশাহ বা অন্য কাউকে ভয় করবো না। শুধু একমাত্র আল্লাহকে ভয় করবো। যিনি আমাদের সৃষ্টি করেছেন, আমরা তারই গোলাম। তিনি যখন বলেন 'হও' তখনই তা হয়ে যায়। তাই বলছি, তোমরা আল্লাহ ছাড়া কাউকে ভয় করো না। আল্লাহ তোমার ব্যাপারে যা লিপিবদ্ধ করেছেন তাই তুমি পাবে। এ বিশ্বাস তোমার অবশ্যই থাকতে হবে। এ বিশ্বাস যদি থাকে তাহলে আল্লাহর সামনে দুনিয়ার সবকিছুকে ইঁদুরের মতো তুচ্ছ মনে হবে।

যা হোক, এ মুজাহিদ আল্লাহর আশ্রয় নিলো। বললো, আমাকে একটু পানি দাও। পানি আনলে সে ওযু করলো। দু'রাকাত নামায আদায় করলো। সিজদায় পড়ে আল্লাহর নিকট দু'আ করলো। বললো, হে আল্লাহ! আমি তো এ কারামত দেখানোর যোগ্যতা রাখি না। কিন্তু হে আল্লাহ! আপনি তো সক্ষম আমাকে দিয়ে তা দেখাতে। সুতরাং এই বেঈমান কাফির কমিউনিস্টদের সামনে আমাকে লজ্জিত করো না। তোমার রাসূলের ধর্মের অবমাননা করো না। এ ব্যর্থতা, এ অপমান শুধু আমার ব্যর্থতা ও অপমানই নয়, এটা গোটা মুসলিম উম্মাহর ব্যর্থতা ও অপমান।

মুজাহিদ সালাম ফেরানোর পর এক অভাবনীয় প্রশান্তি অনুভব করলো। পথের পাশ থেকে এক মুঠি ধূলি নিয়ে এ দু'আটি–

بِسْمِ اللّٰهِ وَاللّٰهُ أَكْبَرُ وَلَا إِلٰهَ إِلَّا اللّٰهُ مُحَمَّدٌ رَّسُوْلُ اللّٰهِ

পাঠ করে ট্যাংকের উপর ছুঁড়ে মারলো। সাথে সাথে সেই বালু দাঁড়িয়ে থাকা সবগুলো ট্যাংকের উপর গিয়ে পড়লো। আর সবগুলো ট্যাংকে আগুন ধরে গেলো। দাউ দাউ করে লেলিহান শিখায় আগুন উঠতে লাগলো। ক্যাম্পের প্রধান অফিসার এ দৃশ্য দেখে থর থর করে কাঁপতে লাগলো এবং অন্যান্য দূরবর্তী ট্যাংকগুলো দূরে সরিয়ে নিতে নির্দেশ দিলো এবং তাকে ছেড়ে দিয়ে বললো, আর ধূলি নিক্ষেপ করো না। তুমি তোমার পথে চলে যাও। আমরা তোমাকে আটকাবো না। সত্যিই তাদের ছিলো বিশ্বাস, ছিলো একীন। তাই আল্লাহ তাদের সাহায্য করেছেন। আমাকে মুহাম্মদ সিদ্দীক চকরী বলেছে। সে তখন দক্ষিণ কাবুলে কমান্ডার ছিল। একবার এক যুদ্ধবিমান এলো, আমাদের উপর বোমা ফেলতে লাগলো। আমরা সবাই লুকিয়ে পড়লাম। কিন্তু একজন বৃদ্ধ মুজাহিদ লুকালেন না। আকাশের দিকে তাকিয়ে কাঁদতে লাগলেন আর বলতে লাগলেন, হে আল্লাহ! কে শক্তিশালী? তাদের যুদ্ধ বিমানগুলো, না আপনি? কে সবচেয়ে বড় ও মহান? আপনি, না তাদের বিমানগুলো? আপনার বান্দাদের নির্বিচারে ধ্বংস করার জন্য আপনি এ বিমানগুলোকে ছেড়ে দিয়েছেন। এভাবে কেঁদে কেঁদে দু'আ করে হাত নামাতেই বিমানটি পড়ে গেলো। আর কিছুক্ষণ পর কাবুল থেকে ঘোষণা করা হলো, একটি যুদ্ধ বিমান ধ্বংস হয়ে গেছে। তাতে একজন জেনারেল ছিল।[1]

খোরাসানের জিহাদে আল্লাহর নিদর্শন

খোরাসানের রণাঙ্গনে আমেরিকা ও পশ্চিমাদের বিরুদ্ধে জিহাদের এগারো বছর অতিবাহিত হয়ে গেল। দুই বছর আগে রাশিয়ানরা যেমন পরাজিত ও পর্যুদস্ত হয়ে বিতাড়িত হয়েছিল, অনুরূপভাবে এখন আমেরিকা ও পশ্চিমাদের ললাটে পরাজয়ের কলঙ্কচিহ্ন পরিস্ফুটিত হচ্ছে।

এতে কোনো সন্দেহ নেই যে আমাদের মহাপ্রতাপশালী আল্লাহ তায়ালা রাশিয়ার বিরুদ্ধে মুজাহিদদের ঠিক যেভাবে সাহায্য করেছিলেন, ঠিক তেমনি অদ্যাবধি কৌশল ও সৈন্য দ্বারা প্রতিনিয়ত সাহায্য করে যাচ্ছেন।

[1] [illegible]

শহীদ ড. আবদুল্লাহ আয্যাম রহ. খোরাসানের প্রথম রণাঙ্গনে আল্লাহর সাহায্যের চিত্র তুলে ধরেছিলেন, ফলে একটি তথ্যবহুল নির্ভরযোগ্য পুস্তক বাস্তবতার রূপ নিল। অনুরূপভাবে চলমান জিহাদেও আল্লাহর সাহায্যের বাস্তব নমুনাগুলো একত্র করে এগুলো মুসলিম উম্মাহর সামনে উপস্থাপন করা প্রয়োজন মনে করছি।

তারই ধারাবাহিকতায় আমরা পাকিস্তানের আল-কায়েদার দাওয়াহ বিভাগের প্রধান উস্তাদ আহমদ ফারুকের (হাফিজাহুল্লাহ) কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি যে, তিনি প্রয়োজনীয়তা অনুধাবন করে কারামতগুলো একত্রকরণের কাজ শুরু করেছেন। আল্লাহ তায়ালা হযরতের সব প্রচেষ্টাকে কবুল করুন এবং তাঁর এই অনুসন্ধানকে মুসলমানদের জন্য ইহকাল ও পরকালের উপকারের কারণ বানিয়ে দিন। আমীন!

অনুরূপভাবে পুরো জিহাদটাই একটি কারামত। একদিকে জল, স্থল ও আকাশপথে নতুন যুদ্ধ সরঞ্জামসহ পৃথিবীর ৪৫টির অধিক সন্ত্রাসী (ন্যাটো) রাষ্ট্রের রাজত্ব এবং তাদের সেনাবাহিনী দ্বারা বেষ্টিত; অন্যদিকে শুধু ঈমানি বলে বলীয়ান কতিপয় মুজাহিদ গ্রুপ। কিন্তু এখানে এসে মানবজ্ঞান হতবাক যে, শুধু এই প্রতিরোধ দশ বছর ধরে চলমান তা নয়; বরং বাস্তবে দুর্বল বাহিনীর বিজয় সর্বত্র পরিলক্ষিত হচ্ছে। এর পরও কি মহান আল্লাহর কুদরত বুঝতে পারা ও মুজাহিদদের (যারা রণাঙ্গনে জিহাদে জড়িত) সত্যের পথে অবিচলতার আর কোনো প্রমাণের প্রয়োজনীয়তা বাকি থাকে?

কিন্তু এটি আল্লাহর এক বড় রহমত যে, এই আপাদমস্তক কারামত জিহাদের মধ্যে ও আল্লাহ তায়ালা আরো অধিক কারামত প্রকাশ করছেন, যাতে ঈমানদারদের ঈমানের জ্যোতির প্রবৃদ্ধি ঘটে এবং কাফের ও মুনাফিকের ওপর তা প্রমাণ ও হুজ্জতস্বরূপ হয়ে যায়। কিন্তু আমি সম্মানিত ভাইদের বারবার তাগিদে আল্লাহ তায়ালার শক্তি সাহায্যে এই কাজ সম্পাদনের ইচ্ছা করেছি। আমার প্রচেষ্টা হবে, রণাঙ্গনে মুজাহিদ এবং শহীদদের যেসব কারামত (অলৌকিক বিষয়) ও আল্লাহর সাহায্যের যেসব প্রমাণ স্বচক্ষে প্রত্যক্ষ করেছি কিংবা নির্ভরযোগ্য মাধ্যমে আমি জ্ঞাত হয়েছি, সেগুলোকে এখানে ধারাবাহিকভাবে পাঠকদের সম্মুখে উপস্থাপন করব।

এই লেখনীর উদ্দেশ্য হলো, সর্বপ্রথম আমার ঈমানকে নবায়ন ও শক্তিশালী করা।

আল্লাহ তায়ালার কাছে আশাবাদী যে, এসব ঘটনা পাঠান্তে পাঠকের ঈমানি সজীবতা বৃদ্ধি পাবে এবং জিহাদ ও কিতালের ভালোবাসা তাদের অন্তরে

প্রোথিত হওয়ার অসিলা হবে। জিহাদের সত্যতা, ফজিলত ও গুরুত্ব অনুধাবনের জন্য মৌলিক প্রমাণাদি কুরআন ও হাদিসের স্পষ্ট উদ্ধৃতিই যথেষ্ট, যেগুলোতে জিহাদ ও কিতালের অসাধারণ মর্যাদা ও বড়ত্ব বর্ণিত হয়েছে। এখানে এমন প্রমাণাদি বিদ্যমান, যেগুলো পাঠ করে আমি আল্লাহর সাহায্যে এ পথে পদার্পণ করেছি। কিন্তু এ পথে আসার পর এসব সুসংবাদ, অলৌকিক ঘটনা ও আল্লাহর সাহায্যের নিদর্শনাবলি অন্তরের দৃঢ়তা ও পদদ্বয় স্থির রাখার কারণ হচ্ছে। বিশেষভাবে একদিকে সারা দুনিয়ার কুফরিশক্তি একত্র হয়ে আফগানিস্তানে হামলা করেছে, অন্যদিকে আমাদের দেশীয় সৈন্য ও এজেন্সিগুলোও মুজাহিদদের জীবনযাত্রার ব্যত্যয় ঘটাচ্ছে। এমন শ্বাসরুদ্ধকর পরিস্থিতিতে এসব সাহায্য আল্লাহর মুজাহিদ বান্দাদের প্রতি তাঁর বিশেষ রহমতের বহিঃপ্রকাশ।

অধুনা কুফফারদের টেকনোলজি ব্যাপক উন্নতি সাধন করেছে। তাঁরা রক্তপাত ঘটানো ও ধ্বংসযজ্ঞ চালানোর জন্য অবিশ্বাস্যভাবে ব্যাপক বিধ্বংসী মারণাস্ত্র তৈরি করেছে। কিন্তু এসব অত্যাধুনিক সরঞ্জাম বহনকারী ক্রুসেডার ন্যাটো বাহিনী রণাঙ্গনে শক্তি পরীক্ষাকারী মুজাহিদদের প্রতি আল্লাহর সাহায্য ও বাস্তবতা প্রত্যক্ষ করছে।

কিন্তু এ কথা সত্য যে, মানুষ যতই জাতিগত শক্তির ঐক্য গড়ে তুলুক, যতই উন্নতির চরম শিখরে পৌঁছুক, সে আল্লাহর এক সৃষ্টি মাত্র। মহান স্রষ্টার শক্তি, বড়ত্ব, কুদরত, প্রভাব ও শ্রেষ্ঠত্বের সামনে এসব কুফরি শক্তি মাছির পাখা সমপরিমাণও নয়।

আল্লাহ তায়ালার রীতিনীতি বর্তমান টেকনোলজির যুগেও তেমনই আশাবাদ জাগায়, যেমন তীর-তরবারির যুগে ছিল। তাঁর সাহায্য এখনো পদে পদে ঈমানদারদের পা দৃঢ় ও মজবুত করছে। কিন্তু শর্ত হলো, আল্লাহকে অসন্তুষ্ট না করা এবং নিজেদের দ্বারা আল্লাহর সাহায্য তালাশ করা।

বদরের ময়দান তৈরি করো, তোমার সাহায্যে এখনো চারপাশ থেকে সারি সারি ফেরেশতা অবতীর্ণ হবে ইনশাআল্লাহ!

আমার মুজাহিদ ভাইদের প্রতি আবেদন করছি, আপনাদের যাঁর যাঁর প্রত্যক্ষ কিংবা সার্বিক সূত্রে প্রাপ্ত কোনো মুজাহিদ বা শহীদের অলৌকিক ঘটনা জানা থাকলে লিখিত বা যেকোনো মাধ্যমে আমাদের কাছে পৌঁছানোর চেষ্টা করুন। ইনশাআল্লাহ আপনার এই কাজ জিহাদের দাওয়াতে অংশগ্রহণ ও উদ্বুদ্ধকরণের কাজের অংশীদার হবে এবং আল্লাহর কাছে উত্তম প্রতিদানের কারণ হবে।

মুজাহিদদের সাহায্যে মেঘাচ্ছন্ন আবহাওয়া

ইসলামাবাদের এক পরিচিত ভাই কিছুদিন আগের একটি ঘটনা আমার কাছে বর্ণনা করেন। তখন ছিল গ্রীষ্মকাল। তিনি ও অন্যরা 'খিতায়ে মেহসুদে' একটি অপারেশনের উদ্দেশ্যে বের হলেন। তাঁদের দলে তিনজন মুহাজির ও বাকিরা আনসার ছিলেন। অপারেশনের টার্গেট ছিল 'আসমান মুনাজ্জা'-সংলগ্ন এলাকায় পাহাড়ের শীর্ষ চূড়া। পাহাড়ের পাদদেশে পৌঁছে মুজাহিদরা পরামর্শ করল, আরোহণের জন্য আমরা কোন পথ বেছে নেব? যদি শত্রুদের দৃষ্টিবহির্ভূত পথে এগিয়ে যাই তাহলে চূড়ায় পৌঁছতে পৌঁছতে দেহের সব শক্তি শেষ হয়ে শত্রুদের সঙ্গে লড়াই করা দুষ্কর হয়ে পড়বে। অন্যদিকে যদি সহজ রাস্তা ধরি, তাহলে শত্রুদের মুখোমুখি হয়ে যাব। সম্ভাবনা রয়েছে যে, ওপরে পৌঁছার আগেই শত্রুরা মুজাহিদদের দেখে ফেলবে এবং নিজেদের সামলে নেওয়ার আগেই ফায়ার করে দেবে। এই দ্বিধা-দ্বন্দে থাকা অবস্থায় হঠাৎ বাতাসের সঙ্গে মেঘ এসে পাহাড়কে সম্পূর্ণভাবে ঢেকে দিল। মেঘলা হাওয়া এত গাঢ় ছিল যে, কয়েক কদম সামনে দেখাও কঠিন হয়ে পড়ল।

সঙ্গীরা এটাকে ঐশী সাহায্য ভেবে সংক্ষিপ্ত পথে পাহাড়ে আরোহণ শুরু করে দিল। যখন তারা পাহাড়ের চূড়ায় পৌঁছে নিজেদের পজিশন নিয়ে নিল, অল্পক্ষণ পরই মেঘাচ্ছন্ন আবহাওয়া সরে গেল।

আলহামদুলিল্লাহ, মুজাহিদরা প্রশান্ত মনে নিজেদের কার্যক্রম পূর্ণ করে নিল এবং হালকা ও ভারী অস্ত্র দ্বারা শত্রুদের চৌকিতে সফল অপারেশন চালাল। অপারেশন শেষ হতেই পুনরায় মেঘাচ্ছন্ন আবহাওয়া এসে পাহাড়টাকে ঢেকে দিল। মুজাহিদরা আল্লাহর প্রশংসা ও জিকির মুখে নিয়ে মেঘাচ্ছন্ন আবহাওয়ার আড়ালে নিরাপদে নিচে নেমে এলো। এ অপারেশনে নিজেদের কোনো ক্ষতি হওয়া ছাড়া শত্রুদের পূর্ণ ক্ষতি সাধন করে সফলতা অর্জন করল। সব প্রশংসা আল্লাহর জন্য।

একজন আফগানি আলেমে দীনের ঈমান জাগানো বিবরণ

গ্রেপ্তার হওয়া থেকে গুপ্ত কারাগার পর্যন্ত

একজন মুজাহিদ আফগানি আলেমে দীন ও খতিব জেল থেকে মুক্তির পর তাঁর সঙ্গে ঘটে যাওয়া ঈমান জাগানো বিবরণী আমাকে শুনিয়েছেন। নিম্নে তা উল্লেখ করা হল–

তাঁকে বেঈমান সৈনিকরা দক্ষিণ ওয়াজিরিস্তানের 'বানা' নামক এলাকার একটি

কেন্দ্রীয় প্রধান সড়ক থেকে গ্রেপ্তার করা হয়। এই আলেম এক সঙ্গীর সঙ্গে তাঁর গাড়িতে করে যাচ্ছিলেন। হঠাৎ সামনে পাকিস্তানি সৈন্যদের একটি 'কাদেখা' চোখে পড়লে তাঁরা তাঁদের গাড়ি সড়ক থেকে সরিয়ে নিয়ে কিছুটা দূরে গিয়ে পাকিস্তানি সৈন্যগুলো চলে যাওয়ার অপেক্ষায় ছিলেন। কিন্তু সৈন্যদের মনে সন্দেহের ডানা বিস্তার করল। ফলে ওদের গাড়ির চারপাশ ঘিরে ফেলল। বর্ণনাকারী ভাই বলেছিলেন, কতিপয় সৈনিক পায়ে হেঁটে আমার গাড়ির কাছে এসে আমাকে নিচে নামতে নির্দেশ দিল। আমি আমার কালাশনিকভ শক্তভাবে তাক করলাম এবং ইচ্ছা করলাম যে, কোনোমতেই আত্মসমর্পণ করব না এবং গাড়ি থেকে অবতরণও করব না। কিন্তু এক সৈন্য আমাকে বারবার এই প্রত্যয় দিচ্ছিল যে, আমরা আপনাকে গ্রেপ্তার করব না। আপনি শুধু নেমে আমাদের সঙ্গে একীভূত হোন। আমি তাদের কথা বিশ্বাস করে কালাশনিকভসহ গাড়ি থেকে নেমে পড়লাম। তবে আমি মনে মনে ঠিক করলাম, যদি তারা তাদের প্রতিশ্রুতির ব্যতিক্রম করে তাহলে আমি লড়াই করব, তবু গ্রেপ্তার হব না।

আমি গাড়ি থেকে নেমে যখন সৈন্যদের দিকে তাকালাম, তখন তাদের পেছনে স্বাস্থ্যগত দিক দিয়ে তাদের চেয়ে আরো সুঠাম, সুন্দর পোশাকে সজ্জিত রূপসী এক নারীকে দেখতে পেলাম। ওই রূপসী ওয়াজিরিস্তানে প্রচলিত কোনো পোশাকে সজ্জিত ছিল না। এমন কি পৃথিবীর কোথাও এত শানদান ও মূল্যবান পোশাক পরিধান করা হয় না। তার চেহারায় ছিল এক অসাধারণ দ্যুতির ঝলক। আমি অবাকচিত্তে তাকিয়ে ছিলাম। আবারও এক সৈন্য আমাকে প্রত্যয় দিচ্ছিল, আমরা আপনাকে গ্রেপ্তারের ইচ্ছা করছি না, আপনি অস্ত্র এখানে রেখে আমাদের সৈনিকদের কাছে চলে যান। একদিকে সৈনিকদের নির্ভয়বাণী, অন্যদিকে সেই রূপসী হাতের ইঙ্গিতে আমাকে তার দিকে ডাকছে। আমি বুঝে গেলাম, এখানে স্থির থাকার (লড়াই) ফলাফল শাহাদাত। আমার দৃঢ় বিশ্বাস, এটি জান্নাতি হুর হবে, যে আমাকে স্ব-স্থানে স্থির থাকার প্রতি উদ্বুদ্ধ করতে এসেছে। কিন্তু অন্যদিকে এই আল্লাহদ্রোহী সৈন্যগুলো তাদের কথা বারবার এত মিনতিস্বরে বলছে যে, তাদের কথা আমার সঠিক বলে মনে হচ্ছিল।

আমার অন্তরে হঠাৎ দুর্বলতা এসে গেল। আমি ভাবলাম, লড়াই ব্যতীত যদি মুক্তি পেয়ে যাই, তাহলে ঝুঁকি নিয়ে লাভ কী! আমি কালাশনিকভ গাড়িতে রেখে দিয়ে যখন ফিরে আসছিলাম, তখন দেখলাম ওই রূপসী অদৃশ্য হয়ে গেল। তখন আমি অত্যন্ত মর্মাহত হলাম এবং আমার কৃতকর্মের ওপর লজ্জিত হলাম। বুঝে গেলাম, আমি ভুল সিদ্ধান্ত নিয়েছি।

বাস্তবে হয়েছেও তাই। সৈন্যরা নিরাপত্তা প্রতিশ্রুতির ব্যতিক্রম করল। এই

আলেম যখনই সৈন্যদের গাড়ির কাছে পৌঁছল, তারা তখন তাঁকে বন্দি করে ফেলল। গ্রেপ্তার হওয়ার পর কিছুদিন তাঁকে 'বানা'র সেনাক্যাম্পে স্থানান্তর করা হলো। কারাগারে তাঁকে উলঙ্গ করে অত্যন্ত ঘৃণিত শাস্তি দিল। তাঁকে উল্টোভাবে ঝুলিয়ে পানিতে ডুবিয়ে দেওয়া হলো। (রেডিওথেরাপি) বেদম বেত্রাঘাত করল, দাড়িকে অপদস্ত করা হলো। মোট কথা তিনি আলেম হওয়ার কারণে তাঁর সঙ্গে ঘৃণ্য আচরণ করা হলো।

কিন্তু যে শাস্তিটা তাঁর জন্য অত্যন্ত কষ্টদায়ক ছিল তা হলো, তাঁর হাত বেঁধে একটি অন্ধকার ছোট বাংকারে নিক্ষেপ করা হলো। একটু পরই সে অনুভব করল, তাঁর দেহে কোনো কিছু বেয়ে উঠছে। কারাপ্রকোষ্ঠে থাকতে থাকতে যখন চক্ষু অন্ধকারে অভ্যস্ত হয়ে গেল। তখন সে দেখল, এই ছোট কামরার বিছানাগুলো বিক্ষিপ্তভাবে পরে আছে এবং তা অজস্র লাল পিঁপড়ায় (যা অত্যন্ত বিষাক্ত) ভরপুর ছিল। এই লাল পিঁপড়াগুলো দশ থেকে শত-কোটি হয়ে তাঁর শরীরে বেয়ে উঠছে। শুধু তা-ই নয়; বরং বিড়ালের মতো মাংসাশী প্রাণী ও ক্ষুধার্ত ইঁদুরও ছিল, যেগুলো তাঁর শরীরের বিভিন্ন স্থানে কামড়াত। এই ভীতসন্ত্রস্ত অবস্থা দেখে তাঁর মুখ দিয়ে চিৎকার বেড়িয়ে এল। তিনি সজোরে চিৎকার করে জেল কর্মকর্তাদের ডাকতে লাগলেন। কিন্তু কর্মকর্তারা তাঁর চিৎকারে কর্ণপাত করেনি। তারপর তিনি আল্লাহর জিকির শুরু করলেন।

যতক্ষণ তিনি জিকির করেন, ততক্ষণ তাঁর দেহ এমন অনুভূতিহীন থাকে যে, কোনো পোকামাকড় তাঁর শরীরে বেয়ে ওঠা কিংবা কোনো ইঁদুরের কামড় তিনি অনুভবই করতেন না। আর যখন তিনি ওই পোকামাকড়গুলো দেখে ভয়ে জিকির ছেড়ে দিয়ে চিৎকার করতেন, আবারও কষ্ট শুরু হতো। সুতরাং তিনি আল্লাহর জিকিরকেই মূল আশ্রয়স্থল বানিয়ে নিলেন এবং এই কষ্টগুলো সহ্য করা সহজ হয়ে গেল।

এর চেয়েও বিস্ময়কর ঘটনা হলো, যখন ওই আলেম নামাজ পড়তেন এবং সিজদায় যেতেন, তখন সেখানের হাজারো লাল পিঁপড়া ও বড় বড় ইঁদুর ঢেউয়ের মতো ডানে-বাঁয়ে সড়ে যেত এবং তাঁর জন্য জমিতে কপাল রাখার জায়গা ছেড়ে দিত। যখন তিনি সোজা হয়ে বসে পড়তেন, পুনরায় কীটপতঙ্গগুলো ছেয়ে যেত। ওই ভাইয়ের বিবরণ ছিল– প্রাণিকুল ও কীটপতঙ্গদের মধ্যে একজন দুর্বল মুজাহিদের জন্য এমন পরিক্রমা দেখে আমার শক্তি সঞ্চয় হলো এবং দৃঢ় বিশ্বাস হলো যে, আমি সত্যের ওপর অবিচল রয়েছি। আল্লাহর সাহায্য ও তাঁর প্রাণিকুলের ভালোবাসা আমার সঙ্গে রয়েছে।

মার্কিনদের বন্দিশালায় বিশাল সুসংবাদ

আমাকে শায়খ আবু ইয়াহইয়া আল লিব্বি (হাফিজাহুল্লাহ) নিজেই এ ঘটনা শুনিয়েছেন। যখন তাঁকে করাচি থেকে গ্রেপ্তার করে আফগানিস্তানের বাগরাম কারাগারে নিয়ে গেল, তখন প্রাথমিক মাসগুলোতে রিমান্ড ও শাস্তির মাত্রা বেশি থাকে এবং বন্দি নিজেও জেলের পরিবেশের সঙ্গে অপরিচিত থাকে। ফলে এ মাসগুলোতে ধৈর্যের পরাকাষ্ঠা প্রদর্শন করতে হয় এবং আল্লাহর বিশেষ সাহায্যে দিনাতিপাত করতে হয়।

শায়খ বলছেন, সম্ভবত মার্কিনদের বন্দিশালায় চতুর্থ মাসের ঘটনা। জেলের সংকীর্ণ ও অন্ধকার কুঠুরিতে দিন-রাত অতিবাহিত হচ্ছিল। আল্লাহ ছাড়া আর কারো সাহায্যের অবকাশ ছিল না। এক রাতে এমন এক ঈমান জাগানো স্বপ্ন দেখলাম, যার ফলে সব দুশ্চিন্তা বিদূরিত হয়ে গেল। আল্লাহর সাহায্য ও নৈকট্যের অনুভূতি দুর্বল আত্মাকে প্রাঞ্জল করে দিল।

শায়খ বর্ণনা করছেন, আমি দেখতে পেলাম এমন একটি মসজিদে প্রবেশ করছি, যেখানে জুমার নামাজের পর শিক্ষাদীক্ষার আসর চালু থাকে। সৌদি আরবের প্রসিদ্ধ অন্ধ আলেমে রাব্বানী শাইখ হামুদ বিন উকলা রহ.* পায়ের পাতায় ভর করে বসে দরস দিচ্ছেন এবং মুজাহিদদের আগত বিপদাপদ ও পরীক্ষার কথা উল্লেখপূর্বক তাদের সান্ত্বনার বাণী শোনাচ্ছেন।

শায়খ বলছেন, শায়খ হামুদ বিন উকলার কথা শ্রবণ করতে করতে মসজিদ থেকে বেরিয়ে আসি। তখনো অনুভব হলো যে, মসজিদ থেকে যে ধ্বনি আসছিল, হুবহু সে ধ্বনি আকাশে চলে গেল। আকাশ থেকে এ রকম স্পষ্ট আওয়াজ আসছে যে ধৈর্য ধারণ করো। কেননা তোমরা সত্যের ওপর প্রতিষ্ঠিত রয়েছ। ধৈর্য ধারণ করো, কেননা তোমরা আল্লাহর সাহায্যপ্রাপ্ত লোক।

শায়খ বলছেন, আমি সামনে অগ্রসর হয়েছিলাম এবং এই ধ্বনি বারবার

---

* (১) হযরত শাইখ হামুদ উকলা শাবি রহ. আরব বিশ্বের সেসব বড় আলেমদের মধ্যে গণ্য হতেন, যাঁরা আফগানিস্তানে ইসলামী ইমারত প্রতিষ্ঠিত হওয়ার পর তাঁর সমর্থনে ফতোয়া জারি করেছিলেন। আরব ভূখণ্ড থেকে আমেরিকান সৈন্যদের বের করে দেওয়া ওয়াজিব হওয়ারও ফতোয়া দিয়েছিলেন। ১১ সেপ্টেম্বরের পর এই মহান কাজের বৈধতা এবং আমেরিকার বিরুদ্ধে জিহাদ ফরজে আইন হওয়ার ফতোয়া প্রদান করেছিলেন। সত্যকথা বলার অপরাধে সৌদি সরকার এই বুজুর্গ অন্ধ আলেমকে খাদ্যে বিষ মিশ্রণ করে শহীদ করে দিয়েছে। আল্লাহ তাঁর প্রতি সন্তুষ্ট এবং জান্নাতের সুউচ্চ আসনে তাঁকে অধিষ্ঠিত করুন। আমিন!

(২) স্মরণীয় যে, এটি সে মহাবিপদের সময়কার ঘটনা, যখন ইমারতে ইসলামীর পতনের পর পাকিস্তানে অল্প দিন পর মুজাহিদদের বড় কোনো কমান্ডারের গ্রেপ্তারের সংবাদ মুজাহিদদের হিম্মত পরীক্ষা করছে।

শুনছিলাম। এমনকি আমি দেখলাম যে, লিবিয়ায় আমি আমার বাড়িতে প্রবেশ করেছি এবং চলতে চলতে আমার ঘরের গোসলখানার দিকে অগ্রসর হলাম। গোসলখানার বন্ধ দরজা খুলে দেখি সেখানে আগে থেকেই শায়খ হামুদ বিন উকলা রহ. উপস্থিত রয়েছেন এবং আবৃত পোশাকে গোসলে ব্যস্ত রয়েছেন।

শায়খ মুচকি হেসে আমার দিকে তাকাতেই আমি লজ্জায় দরজা বন্ধ করে দিই। দরজা বন্ধ করতে করতে একটি আওয়াজ আসে, 'হয়তো মুজাহিদরা বিপদগ্রস্ত'। আমি জানি না যে এই আওয়াজ শায়খ হামুদ রহ., না আকাশ থেকে আসে। কিন্তু কথাগুলো স্পষ্ট আকাশ থেকে আসতে শোনা যায়। আকাশ থেকে আওয়াজ আসে যে 'মুজাহিদদের খুশি করতে এ কথা কি যথেষ্ট নয় যে, আমি তাদের প্রতি সন্তুষ্ট হয়ে গেছি। কখনো রাগান্বিত হব না! তাঁরা আমার কাছে যা চায় সব কিছু দেব'। অর্থাৎ বিজয় এবং আরো অনেক কিছু!

এই সুসংবাদমূলক স্বপ্ন জেলে বন্দি সব ভাইকে উদ্দীপনা বাড়িয়ে দিল, অন্তরে প্রশান্তি ও স্থিরতা এনে দিল এবং এ কথা স্পষ্ট করে দিল যে, ইসলামের শত্রুরা মুজাহিদদের দেহকে বন্দি করতে পারে; কিন্তু তাদের অন্তর ও স্বাধীন আত্মাগুলোকে আকাশের উঁচুতে উড়ে বেড়াতে এবং আল্লাহর সঙ্গে প্রেমালাপ করতে বাধা দিতে পারে না।

এক আহত সঙ্গীর ওপর আল্লাহর রহমত

'বানা' এলাকার 'ক্লোসার' মধ্যে মুজাহিদদের একটি ঘাঁটিতে ড্রোন বিমান বোম্বিং করল। ছয় আফগান ও দুই পাকিস্তানি সঙ্গী শাহাদাতবরণ করল এবং কতিপয় সঙ্গী আহত হলো। পাঞ্জাবের (আমার সঙ্গে সম্পর্ক রাখে) ইয়াসিন ভাইও আহতদের মধ্যে ছিলেন। তাঁর পায়ের নলা ও নিতম্বের হাড় বোম্বিংয়ে ভেঙে গিয়েছিল। ফলে পায়ের নলা সামান্য নড়াচড়া করলেও তাঁর অসহ্য কষ্ট হতো এবং পুরো হাসপাতাল তাঁর চিৎকারে প্রকম্পিত হয়ে উঠত। এ অবস্থায় আমি চিন্তিত হলাম যে, এই ভাইটি টয়লেটে কেমনে যাবে? নিজের প্রয়োজন কিভাবে পূর্ণ করবে? কিন্তু আল্লাহ রাব্বুল আলামিন ওই ভাইয়ের প্রতি বিশেষ মেহেরবানি করেছেন, দুই সপ্তাহের কাছাকাছি ওই ভাই সব ধরনের খাওয়াদাওয়া করেছেন, পেট ভরে তিনবেলা খেয়েছেন, কিন্তু তাঁর একবারও টয়লেটে যাওয়ার প্রয়োজন হয়নি। এই ভাই কষ্টের প্রাথমিক দুই সপ্তাহ সাচ্ছন্দ্যে বিছানায় অতিবাহিত করেছেন। যখন পায়ের নলার আঘাত কিছুটা সুস্থ হয়ে উঠল এবং কষ্ট সামান্য কমে গেল, তখন থেকে প্রাকৃতিক প্রয়োজনাদি স্বাভাবিক হয়ে গেল। *[একটি ম্যাগাজিন অবলম্বনে]*

আফগানদের সঙ্গে আমার পরিচয়

যেদিন আমি আফগানিস্তানের বাসিন্দাদের দেখেছি, সেদিন থেকে আমি অনুভব করেছি মুসলমানরাই বিশ্বের সর্বাধিক প্রভাবশালী মানুষ, যাকে পরাজিত করা অসম্ভব এবং মুসলমান এমন একটি উঁচু পাহাড়, যা কখনো স্বীয় জায়গা থেকে এদিক-সেদিক দোলে না। এ কারণেই বিশ্ব সত্যিকারের মুসলিম মুজাহিদকে ভয় করে। আমি একজন ফিলিস্তিনি, যে পরাজয়ের পর পরাজয়ের শিকার হয়েছে। আমার পরিবারকে দেখেছি, তারা একের পর এক দেশ ত্যাগের যন্ত্রণা সহ্য করেছে। আমি আমার মাতৃভূমি থেকে বিতাড়িত হয়ে আমার দেশে বিশ বছর কাটিয়েছি। আমি একটি গ্রামে বাস করতাম। ইহুদিরা প্রায় রাতে আমাদের ঘরে হানা দিত। কিন্তু তাদের মুখে গুলি ছুড়বে এমন কাউকে পাওয়া যেত না। গুলি ছুড়লে তাকে পুলিশের কোয়ার্টারে নিয়ে কঠোর শাস্তি দেওয়া হতো। আমি ফিলিস্তিনে বাস করেছি ও তার অবস্থা দেখেছি। ১৯৬৭ সালে আমি ফিলিস্তিনে। আমার সম্মুখ দিয়ে ইসরায়েলি ট্যাংক আমার গ্রামে প্রবেশ করেছে। কিন্তু তাদের দিকে গুলি ছোড়ার মতো কেউ ছিল না। এ অবস্থায় একদিন আমি এমন এক মুসলিম জনগোষ্ঠীর মাঝে এসে পৌঁছলাম, যারা নিজেদের খাদ্য জোগাড় করতে সক্ষম নয়, তাদের পায়ে জুতা নেই, পেটে খাবার নেই, পকেটে টাকা নেই। কিন্তু ইজ্জত ও সম্মান রক্ষায় তাদের শির এত উন্নত যে তা মেঘের সঙ্গে টক্কর খাচ্ছে। তাদের প্রত্যেকেই যেন রাশিয়ার বিশাল বাহিনীর সম্মুখে এ কথা উচ্চারণ করছে–

مُسْلِمٌ يَا صِعَابُ لَنْ تَتْهَرِيْنِيْ صَارِمِيْ قَاطِعٌ وَعَزْمِيْ حَدِيْدٌ

كُلُّ بَذْلٍ إِذَا الْعَقِيْدَةُ رِيْعَتْ دُوْنَ بَذْلِ النُّفُوْسِ نَذْرٌ زَهِيْدٌ

ওহে বাধার পাহাড়! পারবে না আমাকে তুমি করতে পরাজিত
আমি মুসলিম তরবারি আমার ধারাল, সংকল্প দৃঢ় লোহার মতো।
আকিদায় আঘাত এলে প্রাণ উৎসর্গ ব্যতীত
সব ত্যাগই হলো তুচ্ছ থেকে তুচ্ছতর।

আল্লাহর কসম, ১৯৬৭ সালে ইহুদিদের হাতে মসজিদুল আকসার পতন হওয়ার সময় পার্শ্ববর্তী আরব দেশসমূহ থেকে আগত সৈন্যদের দশজনও নিহত হলো না। মক্কা ও মদিনার পর মুসলমানদের সবচেয়ে পবিত্র ভূমিকে রক্ষার জন্য দশজন লোকও নিহত হলো না। আমি ইসরায়েলি রেডিওতে শুনেছি, জুনের পঞ্চম দিন ট্যাংক বহর গিয়ে আমাদের শহর দখল করে নিয়েছে। অন্যদিকে

প্রেসিডেন্ট আবদুন নাসের বাদশা হোসাইনকে সম্বোধন করে বলছে, আমরা শত্রুদের বিমানের এক-তৃতীয়াংশ ভূপাতিত করেছি। এখন আমাদের বিমানগুলো তেলআবিবের ওপর। মাননীয় বাদশাহ, শান্তি চুক্তির জন্য প্রস্তুত হোন।

মসজিদুল আকসায় প্রবেশের পর আমি ইহুদিদের বলতে শুনেছি, মুহাম্মদ মারা গেছে, মুহাম্মদ মারা গেছে এবং কিছু মেয়ে রেখে গেছে। জর্দানের সৈন্যদের প্রতিরোধের দ্বিতীয় সেক্টরে ফিরে যাওয়ার ঘোষণা দেওয়ার পর এক ইহুদি জোয়ান মসজিদুল আকসায় প্রবেশ করল এবং বলল, উরশিলিম (জেরুজালেম) থেকে ইয়াসরব (মদিনা) পর্যন্ত। ইসরায়েলি প্রধানমন্ত্রী বিনগোরিন বলল, অঙ্গীকার ভূমিতে (ফিলিস্তিন) আসার পর এটাই আমার সবচেয়ে ভালো দিন। কারণ, এটা সে দিন, যে দিন পবিত্র রাজধানীর উভয় অংশ একীভূত হয়েছে।

রাশিয়া পরাজিত

আমি ওই তিক্ততা ও যন্ত্রণায় জীবন কাটিয়েছি। হঠাৎ আমি এমন এক মুসলিম জনগোষ্ঠীর মাঝে এসে পৌঁছলাম, যারা বন্দুক নিয়ে রাশিয়ার ট্যাংকের মোকাবিলা করছে। বিদ্যমান পরিস্থিতির চাপ ও প্রাচ্যবাদীদের ষড়যন্ত্রের আঘাতে মানসিকভাবে বিপর্যস্ত আরব বিশ্বের লোক আফগানরা যে রাশিয়ার বিরুদ্ধে অবস্থান নিয়েছে, তা বিশ্বাসই করতে চাচ্ছিলাম না। আফগানিস্তানে আসার এক বছর পর আমি সৌদি আরবে গেলে শায়খ আবদুল মজিদ জান্দানিকে বললাম, বিজয়ের পাল্লা ভারী। তিনি বললেন, রুশ বাহিনীর? আমি বললাম, মুজাহিদ বাহিনীর। তিনি বললেন, শায়খ আবদুল্লাহ আয্যাম, আফগানদের প্রতি আপনার সীমাতিরিক্ত ভালোবাসার কারণেই এ কল্পকথা বলছেন।

আমি বললাম, হায়! যদি আমার দেশের লোক আফগানদের এ বিজয়ের কথা জানত! আমি তাদের বললাম, ওহে লোক সকল, ওখানে এক সফল ব্যবসা শুরু হয়েছে। ওখানে অসম সমর ও তৃতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়েছে। তার পরও মুজাহিদরা বিজয় লাভ করছে। তারা বলল, রাশিয়া কি মুজাহিদদের প্রতিরোধকে দ্রুত গুঁড়িয়ে দিতে সক্ষম নয়! রাশিয়া তো অত্যাধুনিক যুদ্ধবিমান ও ক্ষেপণাস্ত্রের অধিকারী। রাশিয়া ১৯৮৫ সাল নাগাদ তার স্টককৃত সব অস্ত্র আফগানিস্তানে ব্যবহার করেছে। এরপর সে নবনির্মিত অস্ত্র ব্যবহার শুরু করে। অস্ত্র ও বোমা তৈরির এক সপ্তাহ পর তা আফগানিস্তানে ব্যবহার করেছে।

১৯৮৫ সালে আমাদের ওপর যে বোমাগুলো ফেলানো হয়েছে, তাতে ১৯৮৫ লেখা ছিল। সে মিগ ২১, ২৫, ২৭ যুদ্ধবিমান আফগাস্তিানে ব্যবহার করেছে। এখন মিগ ২৭ ব্যবহার করছে, যা ২৫০ কিলোমিটার দূর থেকে নির্ভুলভাবে নিশানায় আঘাত করছে। লোকজন বলছে, তিন সপ্তাহ হয়ে গেছে, এখনো কি জালালাবাদের পতন হয়নি? অথচ তারা মুজাহিদদের মাথার ওপর এসে পৌঁছা ক্ষেপণাস্ত্রের কথা ভুলে যাচ্ছে। এ ক্ষেপণাস্ত্র কাবুল থেকে ছোড়া হয়। এর ওজন সাড়ে পাঁচ টন ও দৈর্ঘ ১১ মিটার। এটি যেখানে গিয়ে পড়ে, সেখানে এক কিলোমিটার পর্যন্ত ধ্বংস করে। গতকাল বা এর আগের দিন এ রকম ৯টি ক্ষেপণাস্ত্র মুজাহিদদের ওপর ছোড়া হয়। এর একটি তোরখামে এসে পড়ে। তোরখাম হচ্ছে খাইবার যাওয়ার করিডোর। এ ক্ষেপণাস্ত্রের আঘাতে অনেক মানুষ নিহত হয় ও অনেক মানুষ আহত হয়।

মানুষ জানে না যে, এখন কাবুলে কমিউনিস্ট প্রশাসনের নাভিশ্বাস শুরু হয়েছে। এখন নজীব ও গর্বাচেভ চিৎকার করে বলছে, কোথায় জাতিসংঘ ও কোথায় জেনেভা চুক্তি? কোথায় পর্যবেক্ষকরা? গর্বাচেভ এখন আফগান সমস্যা সমাধানের জন্য চিৎকার করছে আন্তর্জাতিক সম্মেলনের জন্য, যাতে তাকে আফগানিস্তানে আটকে পড়া অবস্থা থেকে উদ্ধার করা যায়। আর অন্যদিকে সম্মেলনের আবেদন জানাচ্ছি। চিন্তা করে দেখুন, উভয়ের মাঝে কত পার্থক্য। তবে মুজাহিদরা এমনি এমনি এ পর্যায়ে এসে পৌঁছেনি। তারা এ পর্যায়ে এসে পৌঁছেছে অনেক ত্যাগ ও দীর্ঘ রক্তনদী অতিক্রম করে। এ যুদ্ধে ইসলামী আন্দোলনের কর্মীরা নব্বই শতাংশই শাহাদাতবরণ করেছে। আফগান মুহাজিরদের সংখ্যা এখন ১২ মিলিয়ন। তম্মধ্যে সাত মিলিয়ন আফগানিস্তানে। তারা ঘর-বাড়ি ছেড়ে বন-জঙ্গল ও পাহাড়ে আশ্রয় নিয়েছে। সাড়ে তিন মিলিয়ন পাকিস্তানে, দেড় মিলিয়ন ইরানে। আকিদার কারণেই তাদের এ অবস্থা। নতুবা তারা গ্রাম ও শহরে বাস করতে পারত। নজীব কয়েক বছর ধরে তাদের পাকিস্তান থেকে ফিরে যাওয়ার প্রস্তাব দিয়েছে। কিন্তু তারা যায়নি। কারণ তারা দীনদার ও আকিদাধারী। তাদের এ যুদ্ধ প্রথম দিন থেকে আকিদার ওপর ভিত্তি করেই সংঘটিত হয়েছিল। পশ্চিমা ও বামপন্থী মিডিয়া আরববিশ্বে এ ধারণা ছড়িয়ে দিতে প্রাণপণ চেষ্টা করছে যে, আফগানিস্তানের এ যুদ্ধ গৃহযুদ্ধ। হ্যাঁ, এ যুদ্ধ আফগানদের সঙ্গে আফগানদের যুদ্ধ বটে। তবে তা দীন ও আকিদাকেন্দ্রিক যুদ্ধ, মুসলিম ও কাফিরের যুদ্ধ, মুমিন ও মুরতাদের যুদ্ধ এবং আল্লাহর আইন প্রতিষ্ঠাকামী ও কমিউনিস্টদের যুদ্ধ। পৃথিবীতে আল্লাহর আইন প্রতিষ্ঠার জন্য এদের সঙ্গে যুদ্ধের বিকল্প নেই।

রাশিয়া আফগানিস্তানের পরাজয়ের জ্বালা সহ্য করতে না পেরে আমেরিকাকে বলল, আমরা আফগানিস্তান থেকে চলে আসতে চাই। তবে আফগানিস্তানে ক্ষমতায় বসানোর জন্য বিকল্প একজনকে দেন। এ কট্টর মৌলবাদীরা আমাদের জন্য যেমন ক্ষতিকর, তেমনি আপনাদের জন্যও ক্ষতিকর। এরপর তারা জেনেভায় সম্মেলন করে চুক্তি করল যে মুজাহিদদের জিহাদের সব ফল থেকে বঞ্চিত করা হবে।

তারা মাত্র এক বছর আগে মুসলিম ও আরববিশ্বে এসে বলেছে, এ আফগানদের ব্যাপারে আমাদের সহায়তা করুন। আফগানযুদ্ধ, উপসাগরীয়যুদ্ধ ও ফিলিস্তিন সমস্যা একই সূত্রে গাঁথা। তারা বলছে, যদি আমাদের আফগানযুদ্ধ বন্ধকরণে সাহায্য করেন, তাহলে আমরা উপসাগরীয় যুদ্ধ বন্ধ করব এবং ফিলিস্তিন সমস্যা সমাধানের জন্য একটি আন্তর্জাতিক সম্মেলন ডাকব। তারা জিয়াউল হকের কাছে একজন আরব শাসক পাঠাল, যাতে তিনি তাঁকে জেনেভা চুক্তিতে স্বাক্ষর করাতে রাজি করতে পারেন। তিনি এসে তিন ঘণ্টা পর্যন্ত জিয়াউল হকের কাছে জেনেভা চুক্তিতে স্বাক্ষরের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করে বোঝালেন। জিয়াউল হক তাঁকে বললেন, এত দিন আপনারা কোথায় ছিলেন? শেষ মুহূর্তে এসে আফগান বা জিহাদকে লেবাননের লড়াই ও ইসরায়েলি গাড়ির নিচে মাইন পুঁতে রাখার সঙ্গে তুলনা করতে এসেছেন? আফগানিস্তানের জিহাদ দশ বছরের অধিককাল ধরে চলে আসা একটি রক্তাক্ত যুদ্ধ এবং রাশিয়া এতে পরাজিত। তিনি বললেন, রাশিয়া পরাজিত? জিয়াউল হক বললেন, হ্যাঁ, রাশিয়া পরজিত।

আমেরিকা ও পাকিস্তান মিডিয়ার রেকর্ডকৃত যুদ্ধের চিত্র ও ক্ষয়ক্ষতি আমাদের হতবাক করেছে। ১৯৮৮ সালের জানুয়ারি পর্যন্ত রেকর্ডকৃত হিসাব অনুযায়ী রাশিয়ার ৪১৬০টি যুদ্ধ বিমান ধ্বংস হয়েছে। ইসরায়েলি সেনাবাহিনীর তিন গুণ সেনাবাহিনী রাশিয়া এ পর্যন্ত আফগানিস্তানে হারিয়েছে। ট্যাংক হারিয়েছে ২০৮০টি। অস্ত্র হারিয়েছে ২১ হাজার। রাশিয়ার দাবিমতে, নিহত ও আহত রাশিয়ান সৈন্যের সংখ্যা ৫০ হাজার। যুদ্ধে রাশিয়ান সৈন্যদের পেছনে প্রতিদিন ব্যয় হয়েছে ৪৫ মিলিয়ন রুপি। জিয়াউল হক তাঁকে বললেন, আপনি কী ভাবছেন? আফগানিস্তানের জিহাদকে কি আপনি ফিলিস্তিন সমস্যার মতো মনে করেছেন? ১৯৭৮ থেকে ১৯৮৮ সাল পর্যন্ত জিহাদ বিরামহীনভাবে চলছে। কাবার তাওয়াফের মতো আফগানিস্তানে জিহাদও একমুহূর্তের জন্য বন্ধ হয়নি। দিন কিংবা রাত, গ্রীষ্মকাল কিংবা শীতকাল কখনোই কাবার তাওয়াফ একমুহূর্তের জন্যও বন্ধ হয় না। অনুরূপ আফগানিস্তানেও একমুহূর্তের জন্যও জিহাদ বন্ধ হয়নি। কোনো না কোনো এলাকায় গুলি ছোড়া হচ্ছে। আমি মনে

করি না এ দীর্ঘ ১৪ বছরে এক মুহূর্তের জন্য আফগানিস্তান লড়াই থেকে মুক্ত ছিল। তাই মনে করবেন না যে, রাশিয়া এমনিতে বের হয়ে গেছে। পত্রিকায় লেখা হচ্ছে, রাশিয়া আফগানিস্তান থেকে তার সৈন্য প্রত্যাহার করে নিয়েছে। রাশিয়া তার সৈন্যদের এমনিতে প্রত্যাহার করে নিচ্ছে না। সে লজ্জাকর পরাজয় বরণ ও নিজেকে ধ্বংস করার পর আফগানিস্তান থেকে বের হতে যাচ্ছে।

এক রাশিয়ান সৈন্যের স্বীকারোক্তি
আল্লাহু আকবার ধ্বনিতে রাশিয়ান সৈন্যের কাপড় নষ্ট

কাবুল থেকে ফিরে যাওয়া একজন রাশিয়ান সৈন্যের কাছে রাশিয়ান টেলিভিশন প্রশ্ন করেছে, আফগানিস্তানে তোমাদের দিনকাল কেমন কেটেছে? সে বলল, যখন আমরা আল্লাহু আকবার হুংকার শুনতাম, তখন আমরা কাপড়ের মধ্যে প্রস্রাব করে দিতাম। এ কথা রাশিয়ান টেলিভিশন প্রচার করেছে।

আফগান জিহাদ গর্বাচেভের অন্তরে কমিউনিস্ট চিন্তাধারার পরিবর্তন ঘটিয়েছে। সে এখন কমিউনিজমকে অস্বীকার করতে বসেছে। এ মাসের মধ্যেই তার থেকে কমিউনিস্ট চিন্তাধারা বিদায় নিয়েছে। পত্রিকায় তাদের বিবৃতি পড়ে দেখুন। গর্বাচেভ এখন নতুনভাবে চিন্তা করতে শুরু করেছে। তারা বলেছিল, ধর্ম মানুষের জন্য আফিম। কিন্তু দেখা গেল, এখন ধর্মই পৃথিবীর সর্ববৃহৎ শক্তিকে পরাজিত করছে। তারা বলেছিল, ধর্ম মানুষের রক্ত চোষণকারী জোঁক; কিন্তু দেখা গেল আফগানদের ধর্ম কমিউনিজমের শক্তিধর বিশাল বাহিনীকে পরাজিত করছে।

ফরাসি সাংবাদিকের চোখে যুদ্ধের ময়দানে অদৃশ্য ট্যাংক

আফগান সীমান্তে আমার সঙ্গে একজন ফরাসি সাংবাদিকের দেখা হয়। সে যুদ্ধের সংবাদ সংগ্রহ করার জন্য এসেছে। আমি তাকে বললাম, তুমি কি আল্লাহর ওপর ঈমান রাখো? সে বলল, আমি শুনতাম যে পৃথিবীর একজন সৃষ্টিকর্তা রয়েছেন। কিন্তু আফগানরা আমাকে আল্লাহর ওপর ঈমান আনতে বাধ্য করেছে। আমি বললাম কিভাবে? সে বলল, যখন আফগানদের দেখি, তারা বিশাল বিশাল ট্যাংক বহরকে পরাজিত করছে। এর মানে যুদ্ধের ময়দানে অদৃশ্য একটি শক্তির হাত রয়েছে, যাকে আমরা দেখছি না। আর তিনি হচ্ছেন আল্লাহ। এটি ফরাসি সাংবাদিকের কথা। আমি তাকে বললাম, তুমি আফগানিস্তানে কত দিন অবস্থান করেছ? সে বলল, চার মাস। আমি বললাম,

তুমি কিভাবে মুজাহিদদের মতো জীবন যাপন করলে? বলল, এটা সহজ। সকালে একবার চা ও রুটি। দুপুরে আরেকবার চা ও রুটি। তবে আপনারা মনে করবেন না যে আফগানরা এত সহজে এ অবস্থায় এসে উপনীত হয়েছে।

আফগান জনগণের ট্র্যাজেডি

এখন আফগানিস্তানের প্রতিটি ঘর মাতম ও এতিমখানায় পরিণত। সবাই একে অপরের দিকে তাকিয়ে প্রশ্ন করছে। বলছে, আমার আব্বা কোথায়? বলা হচ্ছে, তারাকির আমলে নিহত হয়েছে। বলছে, আমার বড় ভাই কোথায়? বলা হচ্ছে, হাফিজুল্লাহ আমিনের আমলে নিহত হয়েছে। বলছে, আমার বোন কোথায়? আমার মা কোথায়? বলা হচ্ছে, অমুক জায়গায় লাশের সঙ্গে দাফন করা হয়েছে। আমাদের এখানে মুস্তারি নামে একজন ড্রাইভার আছে। লোকজন বলল, শায়খ আবদুল্লাহ, আপনি এর ঘটনা শুনেছেন? তখন আমি তাকে বললাম, তার ঘটনা খুলে বলতে। সে বলল, আমাদের পরিবারের লোকসংখ্যা ১২ জন। আমি বাজারে গিয়েছিলাম। আমি যাওয়ার পর বিমান এসে আমাদের ঘরের ওপর বোম ফেলে চলে যায়। আমি এসে দেখলাম ঘর ও লোকজন কেউ নেই। দেখলাম এদিক-সেদিক কিছু গোশতের টুকরা ছড়িয়ে-ছিটিয়ে আছে। আমি মাটির ওপর থেকে গোশতের টুকরাগুলো নিয়ে একত্র করতে লাগলাম। এতে ১২ জন লোকের ১২ কেজির মতো গোশত পাওয়া গেল।

উত্তর আফগানিস্তানে আমার দেখা আল্লাহর কিছু সাহায্য

আমি উত্তর আফগানিস্তানের একটি পাহাড়ে উঠেছিলাম। পাহাড়টি চার হাজার মিটার উঁচু। সেখানে বরফ জমেছে। পা রাখলে পিছলে যায়। কিন্তু আমাদের উঠতেই হবে। বাধ্য হয়ে আমি উভয় পায়ের সঙ্গে সঙ্গে উভয় হাতও মাটিতে রেখে ওপরে উঠতে লাগলাম। আফগানরা তাদের রসদ ও খাবার নিয়ে ওপরে উঠছে। আমি আমার জ্যাকেটটিও সঙ্গে নিতে পারলাম না। ওঠার পথে কিছু মৃত ঘোড়া ও গাধা দেখতে পেলাম। এগুলো ক্লান্ত হয়ে পাহাড়ের ওপর থেকে পড়ে গিয়ে মৃত্যুবরণ করেছে। তুমি উভয় পা ও হাত দিয়ে ওঠার সময় কোনো মাটি চেপে ধরতে বা কোনো মৃত গাধায় হেলান দিতে চাইবে। আমরা ফজরের নামাজ পড়ে রওনা দিয়ে মাগরিবের আজান পর্যন্ত পাহাড়ের চূড়ায় গিয়ে পৌঁছতে পারিনি। একজন লোককে দেখলাম, সে তার গাধাসহ পাহাড় থেকে পড়ে যাচ্ছে। সে গাধাকে থামানোর অনেক চেষ্টা করল। না পেরে গাধা তার

পিঠে থাকা মালামাল বাদ দিয়ে সে নিজে নিজে মৃত্যুমুখে পতিত হলো। তোমরা কি বিশ্বাস করবে, গাধা ও খচ্চর আত্মহত্যা করে? হ্যাঁ, আফগানিস্তানে অত্যধিক ক্লান্তির দরুণ গাধা, খচ্চর ও ঘোড়া নিজেদের আর স্থির রাখতে না পেরে পাহাড় থেকে পড়ে গিয়ে আত্মহত্যা করে।

৯০ থেকে ১০০ কেজি ওজনের এক আরব যুবক ক্লান্তির দরুণ বলল, আমি আর উঠতে পারব না। আমাকে ছাড়ুন, আমি মরলে এখানে মরব। তারা তাকে ছেড়ে চলে গেল। সে বরফের মাঝে ঘুমের ব্যাগের ওপর শুয়ে মৃত্যুর অপেক্ষা করছে। রাতে সে অদৃশ্য থেকে আওয়াজ শুনতে পায়, আল্লাহ তোমার সঙ্গে রয়েছেন। ক্ষুধা ও ঠাণ্ডায় তিন দিন অতিক্রান্ত হওয়ার পর ওই পথ দিয়ে যাওয়া একটি কাফেলা তাকে দেখতে পায়। তারা তাকে উঠিয়ে নিয়ে যায়। কিন্তু তার পা বরফের কারণে অবশ হয়ে গিয়েছিল। ফলে হাসপাতালে নেওয়ার পর তার পায়ের আঙুল কেটে ফেলতে হয়। এ রকম কত মানুষ বরফের মধ্যে মরে গেছে তার হিসাব নেই। এমনকি ছয় মাস পর বরফ গলে যাওয়ার পরও অনেক মৃতদেহ মানুষের নজরে আসে। এক মহিলা তার শিশুপুত্রকে নিয়ে পাহাড়ের চূড়ায় ওঠার সময় ক্লান্তির দরুণ তাকে রেখে চলে যায়। কারণ তাকে নিয়ে উঠতে গেলে উভয়ের মৃত্যু নিশ্চিত। তাই সে বাধ্য হয়ে তার ছেলেকে রেখে চলে যায়। আট দিন পর সে মুজাহিদদের কাছে এসে বলল, পাহাড়ের অমুক জায়গায় বরফের নিচে আমার ছেলে রয়েছে। আপনারা তাঁকে খুঁজে এনে দাফন করলে ভালো হয়। মুজাহিদরা তার দেখানো জায়গায় গিয়ে বরফ ওঠালে দেখতে পায় যে তার ছেলে জীবিত।

বাস্তবেই আফগানিস্তানের কাহিনী খুব শোকাবহ ও দুঃখজনক। সঙ্গে সঙ্গে যারা পরাধীনতা থেকে মুক্ত হতে চায়, তাদের জন্য তা গৌরব ও ইজ্জতের লড়াইও বটে। তাই তো আল্লাহ সুবহানাহু ওয়াতায়ালা বলেন–

> إِنْ تَكُونُوا تَأْلَمُونَ فَإِنَّهُمْ يَأْلَمُونَ كَمَا تَأْلَمُونَ وَتَرْجُونَ مِنَ اللَّهِ مَا لَا يَرْجُونَ وَكَانَ اللَّهُ عَلِيمًا حَكِيمًا۝
>
> আর তোমরা যদি কষ্টের সম্মুখীন হও, তাহলে তো ওরাও তোমাদের ন্যায় কষ্টের সম্মুখীন হচ্ছে এবং তারা আল্লাহর কাছে যা আশা করে না, তোমরা সেটার আশা করছ। *[নিসা ৫:১০৪]*

গুণ আফগানদের চিরসঙ্গী

আমি আফগানদের সঙ্গে আট বছর ধরে বাস করছি। দিন দিন তাদের প্রতি আমার বিশ্বাস ও ভক্তি বৃদ্ধি পাচ্ছে। হ্যাঁ, তারা পৃথিবীর অন্যান্য জনগোষ্ঠীর মতো একটি জনগোষ্ঠী। তাদের মধ্যে সর্বপ্রকার দোষও বিদ্যমান। আমি তাদের দোষের ব্যাপারে অবহিত। তবে তাদের গুণ, তাদের দৃঢ়তা, তাদের আতিথেয়তা, তাদের বীরত্ব ও তাদের লজ্জাবোধ সব দোষ-ত্রুটিকে ঢেকে রেখেছে। তাদের মধ্যে চোর, মিথ্যুক ও মাদকসেবী রয়েছে। কিন্তু এসবের মাঝে একটি খাঁটি ও উন্নত জনগোষ্ঠীও রয়েছে। পৃথিবীর কোথাও এ রকম একটি জনগোষ্ঠী আছে বলে আমার জানা নেই।

আফগান যুবকদের থেকে আমি যা শিখেছি

আফগান যুবকরা আমাকে অনেক কিছু শিখিয়েছে। তারা আমাকে শিখিয়েছে ফিলিস্তিনকে ইহুদিদের হাত থেকে ফিরিয়ে আনা সহজ ব্যাপার। শুধু সহজ নয়, ইনশাআল্লাহ খুবই সহজ। আমি এ ব্যাপারে পূর্ণ আশাবাদী। আমাদের কাছে যদি দুই হাজার ফিলিস্তিনি যুবক এসে প্রশিক্ষণ গ্রহণ করে ও যুদ্ধের কৌশল শিখে নেয় এবং তাদের কাছ থেকে গোয়েন্দাদের ভয় দূর হয়ে যায়, তাহলে আমি নিশ্চিত, ফিলিস্তিনকে স্বাধীন করা সম্ভব। ফিলিস্তিনিরা যেখানে যায়, সেখানে গোয়েন্দাদের ভয়ে ভীত থাকে। আলহামদুলিল্লাহ। এখানে আমাদের গোয়েন্দাভীতি দূর হয়ে গেছে। জিহাদ মানুষের মনকে রিজিক ও মৃত্যুর ভয় থেকে মুক্ত করে।

وَهَانَ فَمَا اُبَالِيْ بِالرَّزَايَا لِاَنِّيْ مَا انْتَفَعْتُ بِاَنْ اُبَالِيْ

বিপদকে ভয় করা সাজে না কখনো আমার
কেননা আমি বিপদকে ভয় করে পাইনি কোনো উপকার

এখানে এসে আরব যুবকদের অন্তর পরিপক্ব হয়েছে ও তাদের হিম্মত উন্নত হয়েছে। বিশেষ করে ফিলিস্তিন ও জর্দানের যুবকদের, যারা ইনশাআল্লাহ ফিলিস্তিন মুক্ত করার পবিত্র জিহাদের উপকরণ হবে বলে আশা করছি। আট বছর ধরে আমি এখানকার এ কণ্টকাকীর্ণ ও মিষ্টি পথে অবস্থান করার ফিলিস্তিনে আমার দেশবাসী বলাবলি করছে, শায়খ আবদুল্লাহ আয্‌যাম আফগান সমস্যা নিয়ে ব্যস্ত। আফগান সমস্যা কি ফিলিস্তিন সমস্যা থেকে গুরুত্বপূর্ণ? হে যুবক ভাইয়েরা, হতে পার তুমি ফিলিস্তিন, আফ্রিকান, পাকিস্তান, ইরান, ইরাক,

ভারত বা বিশ্বের যেকোনো দেশের; তোমরা কি জান না, বিশ্বের সব মুসলিমই ভাই-ভাই? তাই এ খবরটি বিশ্বের সব যুবকের কানে কানে পৌঁছে দাও যে, আজই যুদ্ধের ডাক এসেছে, এক্ষুনি এবং এ মুহূর্তেই যার যার অবস্থান থেকে যেন যুদ্ধের প্রস্তুতি নেয়। কারণ আজ ইহুদি বেঈমানরা বিশ্ব মুসলিমদের ওপর নির্যাতন-নিপীড়নের শেষ প্রান্তে পৌঁছে গেছে। ইসলামকে তারা ধ্বংস করে দিচ্ছে। তাই আর বসে থাকার সময় নেই। আল্লাহর এ আয়াতের দিকে লক্ষ করে দেখুন, সময় হয়েছে কি না? যুদ্ধের প্রস্তুতির ব্যাপারে আল্লাহ বলেন–

وَأَعِدُّوا لَهُمْ مَا اسْتَطَعْتُمْ مِنْ قُوَّةٍ وَمِنْ رِبَاطِ الْخَيْلِ تُرْهِبُونَ بِهِ عَدُوَّ اللهِ وَعَدُوَّكُمْ وَآخَرِينَ مِنْ دُونِهِمْ لَا تَعْلَمُونَهُمُ اللهُ يَعْلَمُهُمْ وَمَا تُنْفِقُوا مِنْ شَيْءٍ فِي سَبِيلِ اللهِ يُوَفَّ إِلَيْكُمْ وَأَنْتُمْ لَا تُظْلَمُونَ.

আর তোমরা তাদের সঙ্গে যুদ্ধ করার জন্য যথাসাধ্য শক্তি অর্জন করবে। (বা প্রস্তুতি গ্রহণ করবে) অশ্ববাহিনী প্রস্তুত রাখবে। এর দ্বারা তোমরা ভীতসন্ত্রস্ত করবে আল্লাহ তায়ালার শত্রুকে এবং তোমাদের শত্রুকে। অন্যদেরও, যাদের তোমরা জান না কিন্তু আল্লাহ তায়ালা জানেন। আর তোমরা আল্লাহ তায়ালার পথে যা কিছু ব্যয় করবে, তার পূর্ণ প্রতিদান তোমাদের দেওয়া হবে এবং তোমাদের প্রতি একটুও জুলুম করা হবে না। *[আনফাল ৮:৬০]*

মহান আল্লাহ আরো বলেন–

فَاقْتُلُوا الْمُشْرِكِينَ حَيْثُ وَجَدْتُمُوهُمْ وَخُذُوهُمْ وَاحْصُرُوهُمْ وَاقْعُدُوا لَهُمْ كُلَّ مَرْصَدٍ فَإِنْ تَابُوا وَأَقَامُوا الصَّلَاةَ وَآتَوُا الزَّكَاةَ فَخَلُّوا سَبِيلَهُمْ إِنَّ اللهَ غَفُورٌ رَحِيمٌ.

মুশরিকদের যেখানে পাও হত্যা করো, তাদের বন্দি করো ও অবরোধ করো এবং সর্বত্র তাদের জন্য ওত পেতে থাকো। এরপর যদি তারা তওবা করে এবং নামাজ আদায় করে, জাকাত আদায় করে, তবে তাদের পথ ছেড়ে দাও। নিশ্চয়ই আল্লাহ পাক অত্যন্ত ক্ষমাশীল, অতীব দয়াবান। *[তাওবা ৯:৫]*

আফগানিস্তান থেকে ফিলিস্তিন

হিন্দুকুশে আহত হওয়া মুজাহিদদের রক্ত বাইতুল মুকাদ্দাস মুক্তকারী ফিলিস্তিনের যুবকদের জন্যই প্রবাহিত হচ্ছে। আমি দেখছি হেলমন্দের আশপাশে আহত ও নিহত হওয়া শিশুরা গাজা, হাইফা, ইয়াফা, নাবলুস ও আল খলিলের শিশু ও বিধবাদের আর্তচিৎকার পুনরাবৃত্তি করছে। তোমরা কি আমাকে পাথর মনে কর, যার কোনো রক্ত নেই এবং দেশ পরিবার বাইতুল মুকাদ্দাস ও পবিত্র ভূমির প্রতি, যার কোনো টান নেই।

আমরা ও আফগানিস্তানে আসা প্রতিটি ফিলিস্তিনি ও জর্দানি যুবকের চিন্তা জিহাদের এ উজ্জ্বল চিত্র মসজিদুল আকসা, আল খলিল ও বেথেলহেমে ফুটিয়ে তোলা। আমরা আফগানিস্তানে এসেছি এখান থেকে আল্লাহ চাহে তো জিহাদের অভিজ্ঞতা ও দক্ষতা অর্জন করে তা ফিলিস্তিনের পবিত্র ভূমিতে প্রয়োগ করার জন্য।

কামনা আমার শাহাদাত

গৌরব ও বীরভূমি আফগানিস্তানে শাহাদাতবরণকারী যুবকদের কথা মনে পড়লে আমার নিজেকে ছোটই মনে হয়। কারণ কয়েক বছর ধরে আমি শাহাদাতের সন্ধান করছি। এই যুবকদের কামনা তিনি পূরণ করেছেন। কিন্তু আমার কামনা আল্লাহর কাছে এখনো প্রত্যাখ্যাত হয়ে আছে। তাই আমার মনে হয়, আমি এখনো আল্লাহর কাছে সম্মানের পাত্র হইনি। যদি আমি তাঁর কাছে সম্মানের পাত্র হতাম, তাহলে এ যুবকদের মতো আমাকেও তিনি শাহাদাতের জন্য নির্বাচিত করতেন।

হে যুবক ভাইয়েরা, মুজাহিদের অনেক কারামত প্রকাশ পেয়েছে। কিন্তু তারা কারামতের কারণে বিজয় অর্জন করেনি। তারা বিজয় অর্জন করেছে আল্লাহর ওপর তাওয়াক্কুলের কারণে। তাদের আকিদা মানুষের অন্তরে নতুনভাবে জাগ্রত করেছে। তারা পৃথিবীর সবচেয়ে দুর্বল, পশ্চাৎপদ, দরিদ্র ও নিরক্ষর জনগোষ্ঠী। তাদের আল্লাহ পৃথিবীর সর্বাধিক সেনাবাহিনীর রাষ্ট্র সোভিয়েত ইউনিয়নের মোকাবিলা করার জন্য নির্বাচিত করেছেন। আর আল্লাহ সুবহানাহু ওয়াতায়ালা সোভিয়েত ইউনিয়নকে পরাজিত করে আমাদেরকে তাঁর এ কথার সত্যতা দেখিয়ে দিয়েছেন–

كَمْ مِنْ فِئَةٍ قَلِيلَةٍ غَلَبَتْ فِئَةً كَثِيرَةً بِإِذْنِ اللهِ وَاللهُ مَعَ الصَّابِرِينَ

আল্লাহর হুকুমে অনেক ক্ষুদ্র দল অনেক বড় দলের ওপর বিজয় লাভ করেছে। আল্লাহ রয়েছেন ধৈর্যশীলদের সঙ্গে। *[বাকারা ২:২৪৯]*

এক মুজাহিদ ভাইয়ের কারামত

কথা অনেক দীর্ঘ। আমি এখন একজন যুবক মুজাহিদের কারামতের ঘটনা বলে আমার বক্তব্য শেষ করব। যুবকটির নাম আহমাদ ফাইজ। সে পাঞ্জশিরের রণক্ষেত্রে আহত হওয়ার খবর পেয়ে তার পরিবারের লোকজন এসে তাকে একটি গাছের খাটে তুলে নেয়। রাস্তা দুর্গম ও উচুঁ-নিচু হওয়ায় তারা তাকে রশি দিয়ে খাটের সঙ্গে বেঁধে নেয়, যাতে পড়ে না যায়। রুশ বাহিনী তাদের দেখার পর গুলি করে সবাইকে হত্যা করে। ভাই আহমাদ ফাইজ এবারসহ দুবার গুলিবিদ্ধ হলো। গুলিতে তার পেটে ছিদ্র হয়ে যায়। কিন্তু সে তখনো জীবিত। সে বলল, আমি চোখ খুললাম। চোখ খুলে দেখি আমি রশিতে বাঁধা। আমার পা ভেঙে যাওয়ায় নড়াচড়া করা সম্ভব হচ্ছিল না। আর আমার শরীরে বাঁধা রশিগুলোও খোলা সম্ভব হয়নি। তখন আমি বললাম, আল্লাহ, আপনি যেভাবেই হোক আমাকে বাঁচান। বলে আমি আশা ছেড়ে দিয়ে ঘুমিয়ে পড়লাম। অতঃপর জাগ্রত হয়ে দেখলাম রশিগুলো খুলে গেছে। তখন আমি চাইলাম নদীর ওপারে যেতে।

